যুগান্তর

তারিখ 24 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ১



# যশোর বোর্ডে পাসের হারে শীর্ষে খুলনা জেলা

খুলনা ব্যুরো

যশোর বোর্ডে এবার এইচএসসিতে পাসের হারে খুলনা জেলা শীর্ষে অবস্থান করেছে। এ জেলায় পাসের হার ৭৮.৬৬ ভাগ। রোববার প্রাপ্ত ফলে এ তথ্য প্রকাশ করা হয়। ফল অনুযায়ী, এবার খুলনা জেলার ৯৭টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৯ হাজার ৬৪৭ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ১৪ হাজার ২৪২ জন।

বরাবরের মতো এবারও জেলায় শীর্ষে রয়েছে খুলনার বয়রা পাবলিক কলেজ। এ কলেজ থেকে ৬৬৪ জনের মধ্যে ৬৬০ জন পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ১২৮ জন। এখানে

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৭

## যশোর বোর্ডে পাসের হারে

(৩য় পৃষ্ঠার পর)

পাসের হার শতকরা ৯৯.৪ ভাগ। কলেজের প্রিন্সিপাল লে. কর্নেল মো. জাহাঙ্গীর আলম যুগান্তরকে বলেন, সঠিক পাঠদান, নিয়মানুবর্তিতা ও শৃঙ্খলা ধরে রাখার পাশাপাশি শিক্ষার সর্বোত্তম পরিবেশ ফলাফলে মডেল হিসেবে কাজ করেছে। এছাড়া সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজের ৯০৪ পরীক্ষার্থীর মধ্যে ৮৭১ জন ও মিলিটারি কলেজিয়েট স্কুল থেকে ৮২ জনের মধ্যে ৮১ জন পাস করেছে। পাসের হারের দিক থেকে খুলনার পর রয়েছে মেহেরপুর, সাতক্ষীরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, যশোর, বাগেরহাট, নড়াইল ও মাগুরা জেলা।